

## আপনি রিকুর (RIKU) সেবা পেতে পারেন, যদি

- আপনি অপরাধের শিকার অথবা অপরাধের শিকার বলে সন্দেহ করেন
- আপনার কোন নিকটজন অপরাধের শিকার
- আপনি একজন অপরাধের সাক্ষী
- আপনার তিক্ত অভিজ্ঞতা নিয়ে কারো সাথে পরামর্শ বা আলোচনা করতে চান
- আপনি একজন বিশেষজ্ঞ এবং আপনার গ্রাহকের ব্যাপারে পরামর্শ দরকার

আপনি আমাদের সাথে টেলিফোনে বা ই-মেইলে প্রয়োজনে বেনামে যোগাযোগ করতে পারেন। আপনি চাইলে ব্যক্তিগত ভাবে দেখা করার জন্য আমাদের অফিসে সময় নিয়ে আসতে পারেন।



রিকু (RIKU) কোন সরকারী সংস্থা নয়, বরং অরাজনৈতিক, ধর্মনিরপেক্ষ এবং সতন্ত্র সংস্থা। রিকু (RIKU) গোপনীয়তার সাথে অপরাধের শিকার ব্যক্তিদের সাহায্য করে থাকে। আপনার অনুমতি ছাড়া কোন তথ্য অন্য কাউকে দেওয়া হবে না।

## শোষিত ব্যক্তি বা মানব পাচারকারীদের দ্বারা ক্ষতিগ্রস্তদের জন্যও রয়েছে রিকুর (RIKU) পরিসেবা

• আপনার চলাফেরা বা অন্যের সাথে যোগাযোগের ক্ষেত্রে আপনি কি কারো দ্বারা (যেমন, আত্মীয় স্বজন, কাজের মালিক, স্বামী / স্ত্রী) নিয়ন্ত্রিত? • ফিনল্যান্ডে আসার জন্য আপনি কী কারোর থেকে ঋণ নিয়েছেন বলে কেউ কী জিজ্ঞাসা করেছে? • যদি কাজের মালিকের কথার বিপরীত কিছু করেন বা বলেন তাহলে আপনার বা আপনার নিকট আত্মীয়দের ক্ষতি করতে পারে বলে ভয় হয় কি? • আপনি কী বেগার কাজ করেন বা যা বেতন পান তাতে প্রয়োজনীয় দ্রবদি কেনা হয় না? • আপনি বাস্তবে যে বেতন পান, আপনাকে তার চেয়ে বেশি বেতন দেওয়ার কথা ছিল কি? • আপনাকে কি প্রায় প্রতিদিনই ১০ ঘণ্টার বেশি কাজ করতে হয়? • আপনি বর্তমানে যে কাজ করেন তার চেয়ে ভিন্ন ধরনের কাজ করবেন বলে আপনাকে কথা দিয়েছিল কি? • কেউ কী আপনাকে বলেছে যে আপনাকে ফিনল্যান্ড থেকে বের করে দেয়া হবে বা থাকার পারমিট নিয়ে নেয়া হবে? • আপনি যা করতে চান না, এমন কোন অপরাধ মূলক কাজ বা অন্য কোন কিছু করার জন্য আপনাকে কেউ বাধ্য করছে কি অথবা আপনার উপরে চাপ প্রয়োগ করছে কি? • আপনার পরিস্থিতি নিয়ে কথা বলতে ভয় পান কি?

যদি আপনি অথবা আপনার কোন ঘনিষ্ঠ কেউ উপরে বর্ণিত সমস্যায় থেকে থাকেন, তাহলে সরাসরি আপনার নিকটস্থ রিকুর (RIKU) অফিসে আসুন অথবা এই ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করুন। [help@riku.fi](mailto:help@riku.fi) সকল প্রকার টেলিফোনের কথোপকথন এবং ই-মেইলের তথ্যাদির ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা হবে। আপনার অনুমতি ছাড়া কোথাও বা কাউকে আপনার তথ্য দেওয়া হবে না।



রিকু (RIKU) নির্যাতিতদের সাহায্য কারী সংস্থাঃ ক্ষতিগ্রস্তদের, তাদের নিকটজনদের এবং সাক্ষীদের সহযোগিতা ও পরামর্শ প্রদান করে থাকে সাধারণত



টেলিফোনে



ইন্টারনেটে



সামনাসামনি বসে



টেলিফোনে



ইন্টারনেটে



আমাদের কার্যালয় গুলোতে ব্যক্তিগত ভাবে  
সহযোগিতা করা হয়



**সমগ্র দেশ ব্যাপী সাহায্যকারী টেলিফোন**  
(সাধারণত ফিনিশ ভাষায়) **১১৬০০৬**  
সোমবার-মঙ্গলবার সময় ১৩:০০-২১:০০  
এবং বুধবার-শুক্রবার সময় ১৭:০০-  
২১:০০



**সমগ্র দেশ ব্যাপী আইনজীবীর টেলিফোনে  
পরামর্শ** (সাধারণত ফিনিশ ভাষায়)  
**০৮০০-১৬১১৭৭** (সোমবার -শুক্রবার  
সময় ১৭:০০-১৯:০০)



রিকুর (RIKU) কার্যালয় সমূহ সমগ্র ফি-  
নল্যান্ডেই আমাদের কার্যালয় রয়েছে এবং  
প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ দিয়ে  
থাকে। যোগাযোগের জন্য ইন্টারনেটে  
দেখুনঃ [www.riku.fi](http://www.riku.fi)



রিকু-চ্যাট (RIKUchat) -ওয়েবসাইটে  
আপনি কোন বিষয়ে জিজ্ঞাসা করলে  
রিয়েল টাইমে (ঐ মুহূর্তেই) ঐ ব্যাপারে  
গোপনীয়তার সাথে দিকনির্দেশনা পাবেন।  
আপনি নিজের পরিচয় গোপন রাখতে  
পারেন। আমাদের সেবা [www.riku.fi](http://www.riku.fi)  
ওয়েবসাইটে পাবেন।



রিকুর (RIKU) ইন্টারনেট ঠিকানা  
[www.riku.fi](http://www.riku.fi) থেকে অনেকধরনের তথ্য  
পাওয়া যাবে। প্রাথমিক তথ্য ২০টি ভাষায়  
উপলভ্য আছে।



/rikosuhripaivystys



@rikosuhrit



রিকুর (RIKU) কার্যালয় গুলো ফিনল্যান্ডের  
আশাপাশের এলাকার ক্ষেত্রে অপ-  
রাধের শিকার ও সাক্ষীদেরকে **বিনামূল্যে**  
সহায়তা করে। আমরা সর্বদা বিশ্বস্ত ও  
গোপনীয়তা রক্ষাকারী দোভাষী ব্যবহার  
করে থাকি। আপনার নিকটতম রিকুর  
(RIKU) কার্যালয়ের ঠিকানা ইন্টারনেটের  
এই ঠিকানা থেকে পাওয়া যাবেঃ  
[www.riku.fi](http://www.riku.fi)



আমাদের কার্যালয়ের মাধ্যমে আপনি  
নিজের জন্য একজন নির্দিষ্ট সমাজকর্মীর  
নাম জেনে নিতে পারেন, যিনি আপনাকে  
ব্যক্তিগত ভাবে পরামর্শ দিয়ে থাকবেন।  
এই সাহায্য কর্মী আপনার প্রয়োজনে  
পুলিশের জিজ্ঞাসাবাদে অথবা আদালতের  
অধিবেশনে সহযোগিতা করবেন।